আজকের কাগজ

তারিখ 25 SEP 1992
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

72

03

## ইসলামী বিশ্ববিদ্যালয় উপাচার্যের পদত্যাগ দাবি

ইসলামী বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্র ঐক্য নেতারা উপাচার্যের পদত্যাগের দাবিতে কুষ্টিয়ার ডিসির কাছে একটি স্মারকলিপি পেশ করেছে। চাকরি প্রদানে ও ছাত্র ভর্তির দুর্নীতির অভিযোগ আনা হয়েছে স্মারকলিপিতে। স্মারকলিপি প্রদানকালে ছাত্রলীগ (ম-ই) সভাপতি মুনির, সাধারণ সম্পাদক আলমগীর, ছাত্র ইউনিয়নের সভাপতি মজিবুর রহমান ও ছাত্র মৈত্রী নেতা বকুল উপস্থিত ছিলেন। স্মারকলিপিতে উল্লেখ করা হয়, ছাত্র ভর্তির দুর্নীতি সংক্রান্ত ব্যাপারে ঘ ইউনিট কো-অর্ডিনেটর মাহবুবুল হক জড়িত আছে। রোল-৭৭, ৯০২, ৭৬, ১৬৯, ২২১৫, ২৩৬১, ১৩৬৩ মেধা তালিকায় ছিলো না এমনকি অপেক্ষমাণ তালিকায়ও ছিলো না। অথচ তাদের ভর্তি করা হয়েছে। ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আব্বাস উদ্দিন।